**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৫.১৯-৫৬

তারিখ: ২ ফাল্গুন ১৪২৫
১৪ ফেব্রুয়ারি ২০১৯

**পরিপত্র-৫**

বিষয় : **৫ম উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন উপলক্ষে চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান এবং মহিলা ভাইস-চেয়ারম্যান পদে সাধারণ নির্বাচনে প্রার্থীদের সম্ভাব্য নির্বাচনি ব্যয় এবং উৎসের বিবরণী এবং নির্বাচনি ব্যয়ের রিটার্ন দাখিল সংক্রান্ত**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ৫ম উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষে চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান পদে নির্বাচনের জন্য প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নির্বাচনি ব্যয়ের সীমা উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩-এর বিধি ৫১ এবং নির্বাচনি ব্যয়ের বিবরণী ও রিটার্ন দাখিল করার সময়সীমা বিধি ৫৩-তে নির্ধারিত রয়েছে। এছাড়া সংশ্লিষ্ট বিধিমালায় নির্বাচনি ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় তহবিলের সম্ভাব্য উৎস সম্পর্কে বিধি ৫০ এবং নির্ধারিত ফরমে দাখিল করার বিধান ও পদ্ধতি রয়েছে।

২। **নির্বাচনি ব্যয় নির্বাহের সম্ভাব্য উৎসের বিবরণী দাখিলঃ** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ৫০ এর উপ-বিধি (১) অনুযায়ী প্রত্যেক প্রার্থী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্রের সাথে তার নির্বাচনি ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় তহবিলের সম্ভাব্য উৎস সম্পর্কে নিম্নেবর্ণিত তথ্যসমূহ প্রদর্শনপূর্বক ফরম ''ঢ'' তে একটি বিবরণী দাখিল করবেন, যথা:

(ক) নিজ আয় হতে যে অর্থের সংস্থান করা হবে তার পরিমাণ এবং উক্ত আয়ের উৎস;

(খ) আত্মীয়-স্বজনের নিকট হতে কর্জ করা হবে বা দান হিসেবে পাওয়া যাবে এরূপ সম্ভাব্য অর্থ এবং তাদের আয়ের উৎস;

(গ) কোন প্রতিষ্ঠান বা সংস্থা হতে স্বেচ্ছা প্রদত্ত দান বাবদ প্রাপ্য সম্ভাব্য অর্থ; এবং

(ঘ) অন্য কোন উৎস হতে প্রাপ্য এরূপ অর্থ এবং উক্ত আয়ের উৎস।

ব্যাখ্যা- এ উপ-বিধিতে ''আত্মীয়-স্বজন'' অর্থ স্বামী বা স্ত্রী, মাতা, পিতা, পুত্র, কন্যা, ভ্রাতা বা ভগ্নী।

৩। **আয়কর রিটার্ন দাখিল ও কর পরিশোধের প্রমাণপত্র:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ৫০ এর উপ-বিধি (২) অনুসারে সম্ভাব্য উৎসের বিবরণীর সাথে প্রার্থী আয়কর দাতা হলে, তার সম্পদ বিবরণী সম্বলিত সর্বশেষ দাখিলকৃত আয়কর রিটার্ন দাখিল করতে হবে। কর পরিশোধ করে থাকলে তার প্রমাণপত্র দাখিল করতে হবে।

৪। **সম্ভাব্য উৎসের বিবরণী, আয়কর রিটার্ন এবং আয়কর পরিশোধের প্রমাণপত্র রিটার্নিং অফিসার ও নির্বাচন কমিশনে দাখিল/প্রেরণ:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ৫০ এর উপ-বিধি (৩) এর অধীন সম্ভাব্য উৎসের বিবরণীর কপি, উপ-বিধি (২) এ উল্লিখিত সম্পদ বিবরণী সম্বলিত আয়কর রিটার্ন এবং আয়কর পরিশোধের প্রমাণপত্রের কপি রিটার্নিং অফিসারের কাছে দাখিল করতে হবে এবং তার কপি রেজিস্টার্ড ডাকযোগে নির্বাচন কমিশনের কাছে প্রেরণ করতে হবে।

৫। **সম্পূরক বিবরণী দাখিল:** যদি প্রতিদ্বন্দ্বী প্রার্থী উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত বিবরণীতে উল্লিখিত কোন উৎস ব্যতীত অন্য কোন উৎস হতে কোন অর্থ প্রাপ্ত হন, তাহলে তিনি অনুরূপ অর্থ প্রাপ্তির পর তা নির্বাচনি ব্যয়ের রিটার্ন দাখিলের সাথে এরূপে প্রাপ্ত অর্থ এবং প্রাপ্তির উৎস উল্লেখ করে একটি অতিরিক্ত বিবরণী রিটার্নিং অফিসারের নিকট দাখিল করবেন

এবং অনুরূপ বিবরণী রিটার্নিং অফিসারের নিকট দাখিলের সময় তাকে তার একটি কপি রেজিস্টার্ড ডাকযোগে কমিশনের নিকট প্রেরণ করতে হবে।

৬। **নির্বাচনে ব্যক্তিগত ব্যয়ের সীমা:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ৫১ অনুসারে চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান বা মহিলা ভাইস চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থী তার নির্বাচনের উদ্দেশ্যে ব্যক্তিগত খরচ বাবদ, অনধিক ১,০০,০০০ (এক লক্ষ) ভোটার সম্বলিত পরিষদের ক্ষেত্রে অনধিক ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা, ১,০০,০০১ (এক লক্ষ এক) হতে অনধিক ২,০০,০০০ (দুই লক্ষ) ভোটার সম্বলিত পরিষদের ক্ষেত্রে অনধিক ৭৫,০০০ (পঁচাত্তর হাজার) টাকা, এবং ২,০০,০০০ (দুই লক্ষের) অধিক ভোটার সম্বলিত পরিষদের ক্ষেত্রে অনধিক ১,০০,০০০ (এক লক্ষ) টাকা ব্যয় করতে পারবেন।

৭। **নির্বাচনি ব্যয়ের সীমা:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ৫১ অনুসারে চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান বা মহিলা ভাইস চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থী তার নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচনি ব্যয় বাবদ, অনধিক ১,০০,০০০ (এক লক্ষ) ভোটার সম্বলিত পরিষদের ক্ষেত্রে অনধিক ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা, ১,০০,০০১ (এক লক্ষ এক) হতে অনধিক ২,০০,০০০ (দুই লক্ষ) ভোটার সম্বলিত পরিষদের ক্ষেত্রে অনধিক ৭,০০,০০০ (সাত লক্ষ) টাকা, এবং ২,০০,০০০ (দুই লক্ষের) অধিক ভোটার সম্বলিত পরিষদের ক্ষেত্রে অনধিক ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা ব্যয় করতে পারবেন।

৮। **নির্বাচনি ব্যয় সম্পর্কে প্রার্থীদের অবহিতকরণ:** প্রার্থীদের নির্বাচনে ব্যক্তিগত ব্যয় ও নির্বাচনি ব্যয়সীমার পরিমাণ এবং নির্বাচনি ব্যয়ের সম্ভাব্য উৎসের বিবরণী মনোনয়নপত্রের সাথে দাখিলের বিষয়টি প্রার্থীদের অবহিত করা এবং প্রার্থীর উক্ত তথ্যাদি নির্বাচন কমিশন ও রিটার্নিং অফিসার ভোটারদের মাঝে ব্যাপক প্রচার করবেন। মনোনয়নপত্র গ্রহণকারী সকলকে তা অবহিত করাতে হবে।

৯। **নির্বাচনি অর্থ ব্যয়:** বিধি ৫১ এর উপ-বিধি (২) অনুসারে কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনি এজেন্ট ছাড়া, অন্য কোন ব্যক্তি উক্ত প্রার্থীর নির্বাচন বাবদ অর্থ ব্যয় করতে পারবেন না।

১০। **নির্বাচনি ব্যয়ের অর্থ খরচের ক্ষেত্রসমূহ:** কোন প্রার্থীর নির্বাচনি ব্যয় নিম্ন বর্ণিত খাতে ব্যয় করা যাবেনা:-

(ক) একাধিক রঙের পোস্টার, ক্যালেন্ডার বা প্রচারপত্র ছাপানোর জন্য;

(খ) নির্ধারিত সাইজ হতে বড় সাইজের পোস্টার ছাপানোর জন্য;

(গ) গেইট, তোরণ বা ঘের তৈরীর জন্য;

(ঘ) চারশত বর্গফুটের অধিক আয়তন বিশিষ্ট প্যান্ডেল স্থাপনের জন্য;

(ঙ) উপজেলার এলাকাভুক্ত ইউনিয়ন পরিষদ বা ক্ষেত্রমত পৌরসভার জনসভা অনুষ্ঠান স্থল ব্যাতিরেকে একই সঙ্গে তিনটির অধিক মাইক্রোফোন বা লাউড স্পীকার ব্যবহার করার জন্য;

(চ) ভোটের জন্য ধার্য তারিখের তিন সপ্তাহ পূর্বে যে কোন সময় যে কোন প্রকারের নির্বাচনি প্রচার শুরু করার জন্য;

(ছ) ভোটারদের যে কোন প্রকারের আপ্যায়নের জন্য;

(জ) কোন মিছিল বের করার লক্ষ্যে ট্রাক, বাস, মিনিবাস, কার, ট্যাক্সি, মটর সাইকেল, স্পীডবোট, নৌযান, ইত্যাদি ব্যবহারের জন্য;

(ঝ) কোন ভোটকেন্দ্রে বা ভোটকেন্দ্র হতে ভোটারদের আনা নেওয়ার জন্য যে কোন প্রকারের যানবাহন, জলযান ভাড়া করা বা ব্যবহারের জন্য;

(ঞ) যে কোন প্রকার বিদ্যুৎ ব্যবহার করে আলোক সজ্জার জন্য;

(ট) প্রার্থীর একাধিক রঙের প্রতীক বা প্রতিকৃতি ব্যবহারের জন্য;

(ঠ) প্রার্থীর একাধিক রঙের প্রতীক বা প্রতিকৃতি প্রদর্শনের জন্য;

(ড) নির্বাচনি প্রচারাভিযানে বিজ্ঞাপনের মাধ্যম হিসেবে কালি বা রঙ দিয়ে বা অন্য কোন প্রকারে লেখার জন্য;

(ঢ) কোন ইউনিয়ন বা পৌরসভা এলাকায় একাধিক নির্বাচনি ক্যাম্প বা অফিস বা কোন উপজেলা এলাকায় একাধিক কেন্দ্রীয় ক্যাম্প বা অফিস স্থাপনের জন্য কিংবা ঐ সমস্ত ক্যাম্পে বিনোদনের জন্য টেলিভিশন/ভিসিআর প্রদর্শনের জন্য; বা

(ণ) ভোটগ্রহণের দিন নির্বাচনি ক্যাম্প বা অফিস পরিচালনার জন্য তবে ভোটকেন্দ্র ভিত্তিক ভোটারদের স্লিপ সরবরাহ করার জন্য ক্যাম্প বা অফিস এর আওতাভুক্ত হবে না।

১১। **রাজনৈতিক দল কর্তৃক নির্বাচনি ব্যয় সীমা এবং সকল আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ৫১ক এর উপ-বিধি (১) অনুসারে নির্বাচনের জন্য প্রার্থী মনোনয়ন প্রদানকারী প্রত্যেক রাজনৈতিক দল বিধি ১০ এর উপ-বিধি (১) এর অধীন সময়সূচি সংক্রান্ত প্রজ্ঞাপন প্রকাশিত হবার তারিখ হতে যে সকল নির্বাচনি এলাকায় প্রার্থী মনোনয়ন প্রদান করেছে সে সকল নির্বাচনি এলাকায় নির্বাচন সমাপ্ত হওয়া পর্যন্ত তার সকল আয় ও ব্যয়ের যথাযথ হিসাব সংরক্ষণ করবে এবং এরূপ হিসেবে কোন প্রার্থী বা কোন মনোনয়ন প্রত্যাশী বা অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান হতে দান বাবদ প্রাপ্ত টাকা যথাযথভাবে দেখাতে হবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত প্রত্যেক রাজনৈতিক দলের তহবিল কোন তফসিলি ব্যাংকে জমা রাখতে ও সংরক্ষণ করতে হবে।

(৩) কোন রাজনৈতিক দল উপ-বিধি (১) এ উল্লিখিত সময়ের মধ্যে, নির্বাচনের উদ্দেশ্যে, তদকর্তৃক মনোনীত প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের জন্য নির্বাচনি ব্যয়সহ, প্রার্থীর মনোনয়ন প্রদান সাপেক্ষে প্রতি উপজেলার জন্য ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকার অধিক ব্যয় করতে পারবে না।

(৪) কোন রাজনৈতিক দল ২০ (বিশ) হাজার টাকার অধিক পরিমাণের কোন দান চেক ব্যতীত গ্রহণ করতে পারবে না।

(৫) যদি কোন রাজনৈতিক দল এই বিধির কোন বিধান লংঘন করে, তা হলে উক্ত রাজনৈতিক দল অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থ দণ্ডে দণ্ডনীয় হবে।

১২। **নির্বাচনি ব্যয়ের জন্য ব্যাংক একাউন্ট খোলা এবং অর্থ ব্যয় করা:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ৫২ অনুসারে প্রত্যেক নির্বাচনি এজেন্ট বা যেক্ষেত্রে প্রার্থী স্বয়ং তার নির্বাচনি এজেন্ট সেক্ষেত্রে প্রতিদ্বন্দ্বী প্রার্থী ব্যক্তিগত খরচ ব্যতীত নির্বাচনি ব্যয় পরিচালনার উদ্দেশ্যে মনোনয়নপত্র দাখিলের পূর্বেই কোন তফসিলি ব্যাংকে একটি স্বতন্ত্র হিসাব (একাউন্ট) খুলবেন এবং উক্ত একাউন্ট হতে ব্যক্তিগত খরচ ব্যতীত নির্বাচনি ব্যয়ের নিমিত্ত সকল অর্থ প্রদান করতে হবে। উল্লেখ্য যে, মনোনয়ন ফরমে প্রার্থীর ব্যাংক একাউন্ট লিপিবদ্ধ করার বিধান রয়েছে।

১৩। **নির্বাচনি ব্যয়ের রিটার্ন, হলফনামা ইত্যাদি দাখিল এবং দাখিলের সময়সীমা:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ৫৩ এর উপ-বিধি (১) অনুসারে প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনি এজেন্ট, বিধি ২৪ বা ক্ষেত্রমত, বিধি ৪৫ অনুযায়ী নির্বাচিত প্রার্থীর নাম ঘোষিত হবার তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, রিটার্নিং অফিসারের নিকট নির্ধারিত ফরম-ণ তে নির্বাচনি ব্যয়ের একটি রিটার্ন দাখিল করবেন, যাতে নিম্নবর্ণিত তথ্যাদি উল্লেখ থাকবে, যথা:-

(ক) প্রত্যেক দিনে ব্যয়িত অর্থের সকল বিল ও রসিদসহ একটি বিবরণী;

(খ) বিধি ৫২ এর দফা (ক) এর অধীন খোলা হিসাবে জমাকৃত এবং উত্তোলিত অর্থের ব্যাংক কর্তৃক প্রদত্ত হিসাব বিবরণীর একটি কপি;

(গ) প্রতিদ্বন্দ্বী প্রার্থী কর্তৃক কৃত, যদি থাকে, ব্যক্তিগত খরচের মোট পরিমাণ;

(ঘ) নির্বাচনি এজেন্ট অবহিত আছেন এরূপ সকল বিতর্কিত দাবীর একটি বিবরণী;

(ঙ) নির্বাচনি এজেন্ট অবহিত আছেন এরূপ সকল অপরিশোধিত দাবীর, যদি থাকে, একটি বিবরণী; এবং

(চ) নির্বাচনি খরচের জন্য যে কোন উৎস হতে প্রাপ্ত সকল অর্থ, তা প্রাপ্তির প্রমাণসহ ও উক্তরূপ প্রাপ্ত অর্থের প্রত্যেক উৎসের নাম উল্লেখ করে একটি বিবরণী।

(২) উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত নির্বাচনি ব্যয়ের রিটার্নের সহিত যেক্ষেত্রে প্রতিদ্বন্দ্বী প্রার্থী স্বয়ং তার নির্বাচনি এজেন্ট, সেক্ষেত্রে প্রার্থীর হলফনামা ফরম 'ত' অনুসারে; যেক্ষেত্রে প্রতিদ্বন্দ্বী প্রার্থী নির্বাচনি এজেন্ট নিয়োগ করেন, সেক্ষেত্রে প্রার্থীর হলফনামা ফরম 'ত-১' অনুসারে এবং নির্বাচনি এজেন্টের হলফনামা ফরম 'ত-২' অনুসারে সংযুক্ত করতে হবে।

(৩) নির্বাচনি এজেন্ট উপ-বিধি (২) এ উল্লিখিত হলফনামার একটি কপিসহ উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত রিটার্নের একটি কপি, রিটার্নিং অফিসারের নিকট দাখিলের সময় রেজিস্টার্ড ডাকযোগে কমিশনের নিকট প্রেরণ করবেন।

১৪। **নির্বাচনি ব্যয়ের রিটার্ন দাখিল, নির্বাচনি ব্যয়ের সীমা ও ক্ষেত্র, ইত্যাদি প্রার্থী/ প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণকে অবহিত করা:** রিটানিং অফিসারকে সকল প্রার্থী/প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তার নির্বাচনি এজেন্টকে উল্লিখিত নির্বাচনি ব্যয়ের রিটার্ন দাখিলের পদ্ধতি, নির্বাচনি ব্যয়ের সীমা, সময়সীমা এবং ক্ষেত্রসমূহ অবহিত করবেন। প্রার্থী/প্রতিদ্বন্দ্বীপ্রার্থীগণ যাতে উল্লিখিত কাজ যথাসময়েও যথানিয়মে প্রতিপালন করেন তার নিশ্চয়তা বিধান করতে হবে।

১৫। **নির্বাচনি ব্যয়ের তথ্য সংরক্ষণ ও প্রকাশ:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ৫৪ এর উপ-বিধি (১) অনুসারে রিটার্নিং অফিসার বিধি ৫৩ এর অধীন দাখিলকৃত নির্বাচনি ব্যয়ের রিটার্ন তার অফিসে বা তার বিবেচনায় উপযুক্ত অন্য কোন সুবিধাজনক স্থানে সংরক্ষণ করবেন। উক্ত রিটার্ন নির্ধারিত ফিস প্রদান সাপেক্ষে, নির্বাচনি ফলাফল গেজেটে প্রকাশের পরবর্তী ৩০(ত্রিশ) দিন সময়কাল পর্যন্ত অফিস চলাকালীন সময়ে যেকোন ব্যক্তির পরিদর্শনের জন্য উন্মুক্ত থাকবে।

(২) বিধি ৫৪ এর উপ-বিধি (১) এর অধীন সংরক্ষিত নির্বাচনি ব্যয়ের রিটার্ন বা তার কোন অংশের কপি নির্ধারিত ফিস, বিধি ৪৭ এ নির্ধারিত ফিস (প্রতি পৃষ্ঠা বাবদ একশত টাকা) প্রদান সাপেক্ষে, যে কোন ব্যক্তিকে সরবরাহ করা যাবে।

১৪/২/১৯

(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
e-mail: sasemc১@gmail.com

প্রাপক

১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক),....................... ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)

২। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ....................... ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৫.১৯-৫৬

তারিখ: ২ ফাল্গুন ১৪২৫ / ১৪ ফেব্রুয়ারি ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৪. সিনিয়র সচিব, ........................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা

৭. সচিব, ................................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
১০. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. বিভাগীয় কমিশনার, ................................ (সকল)
১২. উপমহাপুলিশ পরিদর্শক, ................................ রেঞ্জ (সকল)
১৩. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. পরিচালক (জনসংযোগ) ও যুগ্মসচিব , নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. জেলা প্রশাসক, ..................................(সংশ্লিষ্ট) ও আপিল কর্তৃপক্ষ
১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ..................... (সকল)
১৯. পুলিশ সুপার, ..................................(সংশ্লিষ্ট)
২০. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২১. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ...................... (সংশ্লিষ্ট)
২২. উপজেলা নির্বাহী অফিসার, ............................... (সংশ্লিষ্ট)
২৩. ........................................................... ও সহকারী রিটার্নিং অফিসার
২৪. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ................................ (সংশ্লিষ্ট)
২৫. জেলা তথ্য অফিসার, ................................ (সংশ্লিষ্ট)
২৬. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭. মাননীয় নির্বাচন কমিশনার জনাব .................................................. -এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৯. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব .......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩০. উপজেলা/থানা নির্বাচন অফিসার, ........................ (সংশ্লিষ্ট)
৩১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ................................................ (সংশ্লিষ্ট)
৩২. নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা।

১৪/০২/১৯


(মোহাম্মদ আশফাকুর রহমান)
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২
ফোন ও ফ্যাক্সঃ ০২-৫৫০০৭৫৫৯
মোবাইল-০১৫৫০০৪২০৪১
e-mail: sas_emc২@ecs.gov.bd

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৫.১৯-৫৭

তারিখ: ২ ফাল্গুন ১৪২৫
১৪ ফেব্রুয়ারি ২০১৯

**পরিপত্র-৬**

বিষয় : **৫ম উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন উপলক্ষে রাজনৈতিক দলের প্রার্থী মনোনয়ন, নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্ট নিয়োগ**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ৫ম উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষে ইতোমধ্যে পরিপত্র-৪ এ রাজনৈতিক দলের প্রতীক সংরক্ষণ ও প্রতীক বরাদ্দের বিষয়ে বিধিমালা ও প্রচলিত পদ্ধতি অনুসারে কার্যক্রম গ্রহণের নির্দেশনা দেয়া হয়েছে। রাজনৈতিক দলের প্রার্থী মনোনয়নসহ অন্যান্য বিষয়েও ইতোমধ্যে জারীকৃত অন্যান্য পরিপত্রে নির্দেশাবলি রয়েছে।

২। **রাজনৈতিক দল কর্তৃক প্রার্থী মনোনয়ন:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৫ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ইইই) অনুসারে রাজনৈতিক দলের চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান পদের প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সভাপতি বা সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের পদাধিকারী বা তাদের নিকট হতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরিত এই মর্মে একটি প্রত্যয়নপত্র থাকতে হবে যে, উক্ত প্রার্থীকে উক্ত দল হতে মনোনয়ন দেওয়া হয়েছে:

তবে শর্ত থাকে যে, কোন রাজনৈতিক দল কোন উপজেলা পরিষদে চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান পদে একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করতে পারবে না, একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করলে সংশ্লিষ্ট উপজেলা পরিষদে উক্ত দলের প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে:

আরও শর্ত থাকে যে, সংশ্লিষ্ট রাজনৈতিক দল তার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবি, নমুনা স্বাক্ষরসহ একটি পত্র তফসিল ঘোষণার ৭ (সাত) দিনের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট এবং উক্ত পত্রের একটি অনুলিপি নির্বাচন কমিশনেও প্রেরণ করবে।

৩। **নির্বাচনি এজেন্ট নিয়োগ:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর ২৭ এর উপ-বিধি (১) অনুসারে চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান নির্বাচনের ক্ষেত্রে, একজন প্রতিদ্বন্দ্বী প্রার্থী, চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান হিসেবে নির্বাচনের জন্য যোগ্য কোন ব্যক্তিকে তার নির্বাচনি এজেন্ট নিয়োগ করতে পারবেন।

(২) কোন নির্বাচনি এজেন্টকে নিয়োগদান করা হলে, সংশ্লিষ্ট প্রতিদ্বন্দ্বী প্রার্থী উক্ত নির্বাচনি এজেন্টের নাম, পিতা বা স্বামীর নাম, মাতার নাম ও ঠিকানাসহ নির্বাচনি এজেন্টের স্বাক্ষর সত্যায়ন করে অনুরূপ নিয়োগদান সম্পর্কে ফরম 'জ' অনুসারে রিটার্নিং অফিসারকে লিখিতভাবে অবহিত করবেন [বিধি ২৭ এর উপ-বিধি (৪)]।

(৩) নির্বাচনি এজেন্ট নিয়োগপত্রের নমুনা এই পরিপত্রের পরিশিষ্ট-ক এ সংযুক্ত করা হয়েছে।

৪। **নির্বাচনি এজেন্টের নিয়োগ বাতিল:** প্রতিদ্বন্দ্বী প্রার্থী লিখিতভাবে যে কোন সময়ে, তদকর্তৃক নিয়োগকৃত নির্বাচনি এজেন্ট বাতিল করতে পারবেন, এবং এরূপে বাতিল করা হলে অথবা নির্বাচনি এজেন্টের মৃত্যু ঘটলে, উক্ত প্রার্থী বিধি ২৭ এর উপ-বিধি (১) এর বিধান অনুসারে অন্য কোন ব্যক্তিকে তাঁর নির্বাচনি এজেন্ট হিসেবে নিয়োগদান করতে পারবেন।

৫। **প্রার্থী স্বয়ং নির্বাচনি এজেন্ট:** যে ক্ষেত্রে প্রার্থী কোন নির্বাচনি এজেন্ট নিয়োগ করবেন না, সেক্ষেত্রে প্রার্থীকেই তাঁর নির্বাচনি এজেন্ট হিসাবে বিবেচনা করা হবে [বিধি ২৭ এর উপ-বিধি (৫)]।

৬। **পোলিং এজেন্ট নিয়োগ, নিয়োগ বাতিল এবং দায়িত্ব ও কর্তব্য:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ২৮ এর উপ-বিধি (১) অনুসারে প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তার নির্বাচনি এজেন্ট, ভোটগ্রহণ আরম্ভ হবার পূর্বে, প্রত্যেক ভোটকেন্দ্রের প্রতিটি ভোটকক্ষের জন্য সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার তালিকাভুক্ত ভোটারদের মধ্য হতে অনধিক একজন করে পোলিং এজেন্ট নিয়োগ করতে পারবেন।

(২) প্রিজাইডিং অফিসারের নিকট ভোট গ্রহণ শুরু হওয়ার পূর্বে প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তার নির্বাচনি এজেন্ট উক্ত ভোটকেন্দ্রের জন্য নিয়োগকৃত পোলিং এজেন্টের ১ (এক) কপি ছবিসহ নিয়োগপত্র তফসিল-১ এর ফরম ''জ-১'' এ দাখিল করবেন। পোলিং এজেন্ট নিয়োগপত্রের নমুনা এই পরিপত্রের পরিশিষ্ট-খ এ সংযুক্ত করা হয়েছে।

(৩) সহকারী প্রিজাইডিং অফিসার তফসিল-১ এর ফরম ''জ-২'' অনুসারে পোলিং এজেন্টের উপস্থিতির রেকর্ড রাখিবেন।

(৪) প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তার নির্বাচনি এজেন্ট, যে কোন সময়ে বিধি ২৮ এর উপ-বিধি (১) এর অধীন নিয়োগকৃত পোলিং এজেন্টের নিয়োগ বাতিল করতে পারবেন এবং এরূপে বাতিল করা হলে বা পোলিং এজেন্টের মৃত্যু ঘটলে, উক্ত প্রার্থী বা তার নির্বাচনি এজেন্ট উপ-বিধি (১) এ উল্লিখিত যোগ্যতা সম্পন্ন অন্য কোন ব্যক্তিকে পোলিং এজেন্ট হিসাবে নিয়োগদান করতে পারবেন এবং অনুরূপ নিয়োগদান সম্পর্কে উপ-বিধি (২) অনুসারে প্রিজাইডিং অফিসারকে তাৎক্ষণিকভাবে অবহিত করবেন।

(৫) পোলিং এজেন্টগণকে নির্বাচন কমিশন বা রিটার্নিং অফিসার বা প্রিজাইডিং অফিসার কর্তৃক প্রদত্ত ছবিসহ পোলিং এজেন্টের পরিচয়পত্র বুকে ঝুলিয়ে রাখতে হবে এবং উক্ত পরিচয়পত্র ছাড়াও নিয়োগপত্র ও তার নিজস্ব জাতীয় পরিচয়পত্র সংগে রাখতে হবে।

(৬) প্রত্যেক পোলিং এজেন্টকে কমিশন কর্তৃক নির্ধারিত এবং প্রার্থী কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত নমুনার কাপড়ের তৈরী বাহু বন্ধনী বা আর্মড ব্যান্ড বা অন্য কোন চিহ্ন সংগে রাখতে হবে।

(৭) পোলিং এজেন্ট বিধি অনুযায়ী নির্ধারিত ফরমের যেখানে স্বাক্ষর করা প্রয়োজন সেখানে স্বাক্ষর করতে বাধ্য থাকবেন।

(৮) পোলিং এজেন্ট নির্ধারিত স্থানে অবস্থান করে বিধি অনুযায়ী স্বীয় দায়িত্ব পালন করবেন এবং নির্বাচনের স্বাভাবিক পরিবেশ বিঘ্নিত হয়, এমন কার্যক্রম গ্রহণ করা হতে বিরত থাকবেন।

(৯) পোলিং এজেন্ট ভোটগ্রহণ শেষ হবার পূর্ববর্তী এক ঘন্টা হতে ভোটগ্রহণ শেষ না হওয়া পর্যন্ত কোন অবস্থাতেই ভোটকক্ষ ত্যাগ করতে পারবেন না।

(১০) কোন পোলিং এজেন্টকে ভোটকেন্দ্রে আসার পথে বাধা প্রদান করা হলে বা ভোটকক্ষ বা ভোটকেন্দ্র হতে জোরপূর্বক বের করে দেওয়া হলে সাথে সাথে তা সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসার বা আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী বা ম্যাজিস্ট্রেট বা রিটার্নিং অফিসারকে লিখিতভাবে অবহিত করতে হবে, লিখিত অভিযোগ ব্যতীত অন্য কোন অভিযোগ আমলে নেওয়া হবে না।

(১১) ফলাফল গণনাকালে প্রত্যেক প্রার্থীর কতজন পোলিং এজেন্ট ভোটগণনা কক্ষে উপস্থিত থাকতে পারবেন তা নির্বাচন কমিশন বা রিটার্নিং অফিসার বা প্রিজাইডিং অফিসার নির্ধারণ করে দিবেন।

(১২) ভোট গণনাকালে কোন্ কোন্ পোলিং এজেন্ট উপস্থিত থাকবেন তাও ফরম ''জ-১'' অনুসারে ভোট গণনার পূর্বেই প্রিজাইডিং অফিসারকে লিখিতভাবে অবহিত করতে হবে। প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাঁর নির্বাচনি এজেন্ট, ভোটগ্রহণ আরম্ভ হওয়ার পূর্বে, প্রত্যেক ভোটকেন্দ্রের প্রতিটি ভোটকক্ষের জন্য সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার তালিকাভুক্ত ভোটারদের মধ্য হতে অনধিক একজন করে পোলিং এজেন্ট নিয়োগ করতে পারবেন।

৭। **নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্টদের নির্দেশাবলী বিষয়ক লিফলেট:** নির্বাচন কমিশন কর্তৃক নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্টদের নির্দেশাবলী বিষয়ক একটি লিফলেট প্রস্তুত করা হয়েছে। এ লিফলেটে নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্টদের দায়িত্বাবলী সম্পর্কে বিশেষভাবে উল্লেখ রয়েছে। এ লিফলেট যথাসময়ে রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের মাধ্যমে নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্টদের অনুসরণের জন্য বিতরণ করতে হবে। প্রত্যেক নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্টকে উক্ত নির্দেশাবলী প্রতিপালনের জন্য রিটার্নিং অফিসার নির্দেশ দিবেন।

সংলগ্নীঃ বর্ণনা মোতাবেক।


(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
e-mail: sasemc১@gmail.com


প্রাপক

১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক),......................... ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)

২। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ......................... ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৫.১৯-৫৭

তারিখ: ২ ফাল্গুন ১৪২৫ / ১৪ ফেব্রুয়ারি ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৪. সিনিয়র সচিব, ............................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. সচিব, ............................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
১০. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. বিভাগীয় কমিশনার, ............................... (সকল)
১২. উপমহাপুলিশ পরিদর্শক, ............................... রেঞ্জ (সকল)
১৩. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. পরিচালক (জনসংযোগ) ও যুগ্মসচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. জেলা প্রশাসক, ..................................(সংশ্লিষ্ট) ও আপিল কর্তৃপক্ষ
১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .................... (সকল)
১৯. পুলিশ সুপার, ......................................(সংশ্লিষ্ট)
২০. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২১. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ..................... (সংশ্লিষ্ট)

২২. উপজেলা নির্বাহী অফিসার, .............................. (সংশ্লিষ্ট)

২৩. ............................................................ ও সহকারী রিটার্নিং অফিসার

২৪. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ............................... (সংশ্লিষ্ট)

২৫. জেলা তথ্য অফিসার, ............................... (সংশ্লিষ্ট)

২৬. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৭. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ............................................... -এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৯. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

৩০. উপজেলা/থানা নির্বাচন অফিসার, ....................... (সংশ্লিষ্ট)

৩১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ................................................ (সংশ্লিষ্ট)

৩২. নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা।

২৪/০২/১৯

(মোহাম্মদ আশফাকুর রহমান)
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২
ফোন ও ফ্যাক্সঃ ০২-৫৫০০৭৫৫৯
মোবাইল-০১৫৫০০৪২০৪১
e-mail: sas_emc২@ecs.gov.bd

# ফরম-জ

[ বিধি ২৭(৪) দ্রষ্টব্য ]

## নির্বাচনি এজেন্ট নিয়োগ

বরাবর
রিটার্নিং অফিসার
................................ উপজেলা পরিষদ নির্বাচন

বিষয়ঃ নির্বাচনি এজেন্ট নিয়োগ।

মহোদয়,
উপরোক্ত বিষয়ে........................উপজেলার..........................চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান/মহিলা সদস্য পদের নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী .........................................................পিতা/স্বামী ........................................................................... নির্বাচনি প্রতীক..................................এর নির্বাচনি এজেন্ট হিসাবে কাজ করিবার জন্য উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ২৭ অনুসারে নিম্নে বর্ণিত ব্যক্তিকে নিয়োগ করিতেছি। নিম্নে তাহার বিবরণী ও তিনটি স্বাক্ষর সত্যায়ন করিলাম:

| নির্বাচনি এজেন্টের নাম | নির্বাচনি এজেন্টের পিতা/স্বামীর নাম | মাতার নাম | নির্বাচনি এজেন্টের ঠিকানা | নির্বাচনি এজেন্টের ভোটার নম্বর বা জাতীয় পরিচয়পত্রের নম্বর | নির্বাচনি এজেন্টের স্বাক্ষর | সত্যায়নকারী (প্রার্থী কর্তৃক) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | ১. | |
| | | | | | ২. | |
| | | | | | ৩. | |

২। উল্লিখিত ব্যক্তি বিভিন্ন ভোটকেন্দ্রের ভোট চলাকালীন ও গণনাকালীন সময়েও দায়িত্ব পালন/পর্যবেক্ষণ করিবেন।

স্থান:

তারিখ ঃ দিন মাস বৎসর

প্রার্থীর নাম ও স্বাক্ষর এবং নির্বাচনি প্রতীক.......................

# ফরম-জ-১

[ বিধি ২৮(২) দ্রষ্টব্য ]

## পোলিং এজেন্ট নিয়োগ

বরাবর

প্রিজাইডিং অফিসার

........................................................................................................ ভোটকেন্দ্র

**বিষয়ঃ পোলিং এজেন্ট নিয়োগ ।**

মহোদয়,

উপরোক্ত বিষয়ে..........................উপজেলা পরিষদের চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান/মহিলা সদস্য পদের নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী ........................................................ পিতা/স্বামী........................................................................নির্বাচনি প্রতীক ...............................এর ........................................................ভোটকেন্দ্রে পোলিং এজেন্ট হিসাবে কাজ করিবার জন্য উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ২৮ অনুসারে নিম্নেবর্ণিত ব্যক্তিবর্গকে নিয়োগ করিতেছি।

| ক্রমিক সংখ্যা | পোলিং এজেন্টের নাম | পোলিং এজেন্টের পিতা/স্বামীর নাম | পোলিং এজেন্টের ঠিকানা | পোলিং এজেন্টের ভোটার নম্বর বা জাতীয় পরিচয় পত্র নম্বর | পোলিং এজেন্টের স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | | | | | |
| ২. | | | | | |
| ৩. | | | | | |
| ৪. | | | | | |
| ৫. | | | | | |
| ৬. | | | | | |
| ৭. | | | | | |
| ৮. | | | | | |
| ৯. | | | | | |
| ১০. | | | | | |

২। ...............................ক্রমিকে □□□□□□□□ ব্যক্তি/ব্যক্তিবর্গ উক্ত ভোটকেন্দ্রের ভোট গণনাকালীন সময়েও দায়িত্ব পালন করিবেন।

স্থান:

তারিখ ঃ দিন মাস বৎসর

প্রার্থী/নির্বাচনি এজেন্টের নাম ও স্বাক্ষর এবং নির্বাচনি প্রতীক

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৫.১৯-৫৮

তারিখ: ০২ ফাল্গুন ১৪২৫
১৪ ফেব্রুয়ারি ২০১৯

**পরিপত্র-৭**

বিষয় : **৫ম উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন উপলক্ষে চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান এবং মহিলা ভাইস-চেয়ারম্যান পদে সাধারণ নির্বাচনে প্রার্থীদের হলফনামা দাখিল, হলফনামার তথ্যসমূহ বাছাই এবং হলফনামার তথ্যাবলী প্রচার**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৫ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ঈ) অনুসারে চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান বা মহিলা ভাইস চেয়ারম্যান এবং মহিলা সদস্য পদের প্রত্যেক প্রার্থীকে রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের কাছে মনোনয়নপত্রের সাথে ০৭টি তথ্য সম্বলিত হলফনামা দাখিল করতে হবে। যদি কোন প্রার্থী হলফনামা দাখিল না করেন বা দাখিলকৃত হলফনামায় কোন অসত্য তথ্য প্রদান করেন বা তথ্য গোপন করেন বা হলফনামায় উল্লিখিত তথ্যের সমর্থনে যথাযথ প্রমাণাদি দাখিল না করেন, তাহলে তাঁর মনোনয়নপত্র বাতিল করা যাবে। হলফনামায় প্রদত্ত তথ্য প্রচারের সুবিধার্থে প্রার্থীগণের নিকট হতে হলফনামার মূল কপি ছাড়াও আরও দুটি ফটোকপি নিতে হবে। স্পষ্টীকরণের জন্য ৭ দফা তথ্য প্রদানের বিষয়ে নিম্নে সংক্ষেপে দেয়া হলো:

(১) তদ্‌কর্তৃক অর্জিত সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের সত্যায়িত কপি;

(২) বর্তমানে তিনি কোন ফৌজদারী মামলায় অভিযুক্ত আছেন কিনা;

(৩) অতীতে তার বিরুদ্ধে দায়েরকৃত কোন ফৌজদারী মামলার রেকর্ড আছে কিনা, থাকলে তার রায় কি ছিল;

(৪) তার ব্যবসা বা পেশার বিবরণী;

(৫) তার আয়ের উৎস বা উৎসসমূহ;

(৬) তার নিজের ও অন্যান্য নির্ভরশীলদের সম্পদ ও দায়ের বিবরণী; এবং

(৭) কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে তদকর্তৃক একক বা যৌথভাবে বা তার উপর নির্ভরশীল সদস্য কর্তৃক গৃহীত ঋণের পরিমাণ অথবা কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক বা পরিচালক হওয়ার সুবাদে ঐ সব প্রতিষ্ঠান হতে গৃহীত ঋণের পরিমাণ।

২। **হলফনামাসহ ফটোকপি সরবরাহ:** প্রার্থীর মনোনয়নপত্রের সাথে ০৩ কপি করে হলফনামা, নির্বাচনি ব্যয় নির্বাহের জন্য অর্থ প্রাপ্তির সম্ভাব্য উৎসের বিবরণী, আয়কর রিটার্ন এবং কর পরিশোধের প্রমাণপত্রের কপি রিটার্নিং অফিসারের কাছে দাখিল করতে হবে। এক্ষেত্রে একটি মূল কপি ও ২টি ফটোকপি হলেই চলবে। সংশ্লিষ্ট সকল প্রার্থীকে বিষয়টি অবহিত করতে হবে। উক্ত তিন কপির মধ্যে এক কপি রিটার্নিং অফিসারের কার্যালয়ে সংরক্ষণ করতে হবে, এক কপি রিটার্নং অফিসারের কার্যালয়ে টাংগিয়ে দিবেন এবং এক কপি সংরক্ষিত রাখতে হবে, যাতে এনজিও বা বিভিন্ন সংবাদ মাধ্যম কে ফটোকপি করে নেয়ার জন্য তা প্রদান করা যায়। এনজিও, সংবাদ মাধ্যম বা অন্য যে কোন ব্যক্তি এরূপ ক্ষেত্রে নিজ দায়িত্বে ফটোকপি করবেন অথবা ফটোকপির খরচ নিজেরাই বহন করবেন।

৩। **হলফনামার তথ্যাবলী প্রচার:** প্রার্থীদের কাছ হতে হলফনামার মাধ্যমে সংগৃহীত তথ্যাদি রিটার্নিং অফিসারকে ভোটারদের মধ্যে ব্যাপক প্রচার করতে হবে, যাতে ভোটারগণ প্রার্থীদের যাবতীয় তথ্যাদি বিচার বিশ্লেষণ করে যোগ্য প্রার্থী নির্বাচন করতে পারেন। প্রার্থীর হলফনামার মাধ্যমে দাখিলকৃত তথ্যাদি লিফলেট আকারে ভোটারদের মাঝে প্রচার করতে হবে। লিফলেট উপজেলার হাটবাজারে বা অন্য জনাকীর্ণ স্থানে প্রচারের ব্যবস্থা করতে হবে। এক্ষেত্রে গণ-যোগাযোগ অধিদপ্তরের সহযোগিতা নেয়া যেতে পারে। সংবাদমাধ্যমসহ বিভিন্ন এনজিও এরূপ প্রচারে বিষয়ে আগ্রহী হতে পারে।

তাদের কাছে এ তথ্য লভ্য করতে হবে। এক্ষেত্রে যেদিন যে প্রার্থী মনোনয়নপত্র দাখিল করবে, সম্ভব হলে সেদিনই সে প্রার্থীর তথ্যাদি প্রদানের জন্য প্রস্তুত থাকতে হবে। প্রয়োজনে সিডির মাধ্যমেও তথ্যাদি কপি করে দেয়া যেতে পারে। এ সব তথ্য নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েবসাইটেও প্রকাশ করা হবে। ওয়েবসাইটে প্রকাশের জন্য নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করতে হবে:

(ক) মনোনয়নপত্র দাখিল করার সাথে সাথে হলফনামা, নির্বাচনি ব্যয় নির্বাহের জন্য অর্থ প্রাপ্তির সম্ভাব্য উৎসের বিবরণী (ফরম ঢ), আয়কর রিটার্ন ও কর পরিশোধের প্রমাণপত্রের অনুলিপি স্ক্যান করে পিডিএফ ফাইলরূপে নির্বাচন কমিশন সচিবালয়ে ইন্ট্রানেটের মাধ্যমে পাঠাতে হবে।

(খ) বিকল্পত, কোন সমস্যা হলে, হলফনামার অনুলিপির পিডিএফ ফাইল সিডিতে কপি করে নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করতে হবে। নির্বাচন কমিশন সচিবালয় সংশ্লিষ্ট অফিসগুলোতে স্ক্যানার এবং ল্যাপটপ প্রদানসহ সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণকে ইতোমধ্যে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

(গ) হলফনামার সাথে প্রার্থীদের নির্বাচনের ব্যয় নির্বাহ করার নির্বাচনি ব্যয় নির্বাহের জন্য অর্থ প্রাপ্তির সম্ভাব্য উৎসের বিবরণী সম্বলিত 'ঢ' ফরমও স্ক্যান করতে হবে। হলফনামার সাথে অতিরিক্ত কাগজে তথ্য প্রদান করা হলে তাও হলফনামার সাথে স্ক্যান করতে হবে।

(ঘ) হলফনামার সাথে 'ঢ' ফরম এবং আয়কর রিটার্নের কপিও পাঠাতে হবে।

৪। **হলফনামার মাধ্যমে তথ্য প্রদান না করার শাস্তি:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৭ এর উপ-বিধি (৩) এর দফা (ঙ) অনুসারে কোন প্রার্থী মনোনয়নপত্রের সাথে বিধি ১৫ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ঈ) এর অধীন হলফনামা দাখিল না করলে বা দাখিলকৃত হলফনামায় অসত্য তথ্য প্রদান করা হলে বা অসম্পূর্ণ তথ্য প্রদান করা হলে বা হলফনামায় উল্লিখিত কোন তথ্যের সমর্থনে যথাযথ সার্টিফিকেট, দলিল, ইত্যাদি দাখিল না করলে রিটার্নিং অফিসার স্বীয় উদ্যোগে, অথবা বিধিমালার এ উল্লিখিত কোন ব্যক্তি কর্তৃক উত্থাপিত আপত্তির প্রেক্ষিতে, তদন্ত পরিচালনা করে মনোনয়নপত্র বাতিল করতে পারবেন। এতদ্ব্যতীত হলফনামায় প্রদত্ত কোন তথ্য মিথ্যা বা ভুল বলে প্রমাণিত হলে প্রচলিত আইন অনুযায়ী তা শাস্তিযোগ্য অপরাধ বলে বিবেচিত হবে।

১৪/২/১৯

(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
e-mail: sasemc১@gmail.com

প্রাপক

১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক),......................... ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)

২। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার,......................... ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৫.১৯-৫৮

তারিখ: ০২ ফাল্গুন ১৪২৫
১৪ ফেব্রুয়ারি ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৪. সিনিয়র সচিব, ........................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

৬. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. সচিব, ............................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
১০. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. বিভাগীয় কমিশনার, ................................ (সকল)
১২. উপমহাপুলিশ পরিদর্শক, ................................ রেঞ্জ (সকল)
১৩. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. পরিচালক (জনসংযোগ) ও যুগ্মসচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. জেলা প্রশাসক, ..................................(সংশ্লিষ্ট) ও আপিল কর্তৃপক্ষ
১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ..................... (সকল)
১৯. পুলিশ সুপার, ..................................(সংশ্লিষ্ট)
২০. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২১. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ...................... (সংশ্লিষ্ট)
২২. উপজেলা নির্বাহী অফিসার, ............................... (সংশ্লিষ্ট)
২৩. ............................................................ ও সহকারী রিটার্নিং অফিসার
২৪. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ................................ (সংশ্লিষ্ট)
২৫. জেলা তথ্য অফিসার, ................................ (সংশ্লিষ্ট)
২৬. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭. মাননীয় নির্বাচন কমিশনার জনাব .................................................. -এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৯. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩০. উপজেলা/থানা নির্বাচন অফিসার, ........................ (সংশ্লিষ্ট)
৩১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ................................................. (সংশ্লিষ্ট)
৩২. নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা।


(মোহাম্মদ আশফাকুর রহমান)
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২
ফোন ও ফ্যাক্সঃ ০২-৫৫০০৭৫৫৯
মোবাইল-০১৫৫০০৪২০৪১
e-mail: sas_emc2@ecs.gov.bd